

বাজারে এলো জে এস ডব্লিউ সিমেন্ট

নিম্নস্থ প্রতিনিধি : কলকাতা,
১৯শে জুলাই- বাজারে এল জে এস
ডব্লিউ গোষ্ঠীর সিমেন্ট। কারখানাটি
শালবনিত্তে শুরু হয়েছিল ২০১৬
সালের জানুয়ারিতে। বুধবার এক
সাংবাদিক সম্মেলনে একথা জানান
জে এস ডব্লিউ সিমেন্টের ম্যানেজিং
ডিরেক্টর পার্থ জিন্দালসহ অন্যান্যরা
এদিন কোম্পানির ম্যানেজিং ডিরেক্টর
জানাল অত্যাধুনিক প্রযুক্তিতে পি এস
সি গ্রেড সিমেন্ট তৈরি করা হয় ওই
কারখানায়। ১১০০ কোটি ডলারের
জে এস ডব্লিউ গোষ্ঠীর সহযোগী সংস্থা
হলো জে এস ডব্লিউ সিমেন্ট। ২০০৯
সালে ভারতের বাজারে পা রেখেছিল
এই সংস্থা। সংস্থার কারখানা রয়েছে
কর্ণাটকের বিজয়নগর, অঙ্গুরদেশের
নান্দীয়াল এবং মহারাষ্ট্রের দকভিতে।
পশ্চিমবঙ্গের পর বিহার, ঝাড়খণ্ড,
ওড়িশাতেও সিমেন্ট উৎপাদনের
পরিকল্পনা রয়েছে এই সংস্থার।